

তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি.

২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রম ১৪ নভেম্বর, ২০১৯ তারিখ থেকে শুরু হবে। আগ্রহী শিক্ষার্থীকে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। আবেদন পূরণ ও জমাদান:

- (ক) অনলাইনে সঠিক তথ্য দিয়ে আবেদন ফরম পূরণের তারিখ : ১৪/১১/২০১৯ হতে ২৮/১১/২০১৯ খ্রি.
(খ) ফরমের প্রিন্টকপি (২কপি) কলেজে জমাদানের শেষ তারিখ : ২৮/১১/২০১৯ খ্রি.
(গ) আবেদন ফরমের প্রিন্টকপি জমাদানের স্থান : লাইব্রেরী ভবন (সকাল ১০.০০-১.০০ টা পর্যন্ত)

২। আবেদনের যোগ্যতা:

(ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫/২০১৬/২০১৭ সালের এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০০ এবং ২০১৭/২০১৮/২০১৯ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

(খ) ২০১৫/২০১৬/২০১৭ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৭/২০১৮/২০১৯ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

(গ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি/এইচএসসি পাশের নম্বরপত্রের সমতা নিরূপণ করা করা হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

(ঘ) স্নাতক (পাস/সম্মান) পর্যায়ে অধ্যয়নরত/রেজিস্ট্রেশনকৃত কোন প্রার্থী ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল সাপেক্ষে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

- (ক) ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি (মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। আবেদনের সাথে জমা দিতে হবে:

- (ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুই শত) টাকা কলেজে জমা দিতে হবে।
(খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(গ) এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
২। আহ্বায়ক, ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
৩। হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।
৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
৫। সংরক্ষণ নথি।